

‘শহীদের’ প্রকৃত সংজ্ঞা কি?

সাঁওদ কামরান মির্জা

শহীদের সঠিক সংজ্ঞা কি? অর্থাৎ কা’কে শহীদ আখ্যা দেয়া যায়? এবং কা’কে শহীদ বলা ঠিক নয়? সম্পত্তি ইজরাইলীদের রকেট হামলায় নিহত হয়েছে হামাস-টেররিষ্ট ব্রিগেডের ফাউন্ডিং ফাদার এবং স্প্রিয়চুয়াল গুরু মোল্লা সেখ আহমদ ইয়াছিন। আরব-প্যালেস্টাইনীরা সঙ্গেসঙ্গে বলেছে মোল্লা ইয়াছিন শহীদ হয়েছেন। বাঙালি দেশের ইনকিলাব সহ বেশ কিছু পত্রিকাতে খবর ছেপেছে, ‘মোল্লা ইয়াছিন ইজরাইলী রকেট হামলায় শহীদ হয়েছেন’। এখন আমি কিছুটা Puzzle এ পড়ে গেছি—ঠিক কা’কে শহীদ বলা যায় এবং কা’কে আবার শহীদ বলা অনুচিত? এই ইয়াছিন মোল্লা হামাসের জন্ম দিয়ে গত ২০/২৫ বৎসর যাবত আরবের অত্যন্ত কঢ়িকচি খোকাদের দ্বারা ‘সুইসাইড’ করে শত শত নির্দোষ শিশু, বুড়ো, মহিলাদেরকে হত্যা করেছেন। এই ইয়াছিন মোল্লা মুলতঃ ছিলেন প্যালেস্টাইনী সুইসাইড ইউনিভার্সিটির ‘ভাইসচাম্পেল’ বা ‘ডিন-অব-দা’ ফ্যাকালেটি। তিনি ছিলেন ‘সুইসাইড’ বা আত্মঘাতী বোমা মেরে কিভাবে নির্দোষ মানুষ হত্যা করা যায় তার প্রধান শিক্ষক বা নাটের গুরু। তিনি সদা-সর্বদা প্যালেস্টাইনী যুবাদেরকে শিখাতেন সরাসরি সবচেয়ে উত্তম বেহেস্তে যাওয়ার একমাত্র পথহলো—সুইসাইড বোমা দিয়ে কিছু ইহুদি-কাফের মারা। গত ২৫ বৎসর ধরে তিনি প্যালেস্টাইনী যুবাদের মগজ-ধোলাইর কাজটি খুব দক্ষতার সঙ্গে করে গেছেন এবং শত আরব যুবকদেরকে সরাসরি একেবারে ‘জান্মাতুল ফেরদৌসে’ পাঠিয়েছেন।

এখন সেই ইয়াছিন মোল্লা যদি মরে গিয়ে শহীদ হয়; তা’হলে ইজরায়েলের সেইসব নির্দোষ শিশু-মহিলা-বুড়োরা যারা ‘সুইসাইড’ বোমাতে মরে গিয়েছে তারা কেন শহীদ হল না? ইয়াছিন মোল্লার মত একজন বিখ্যাত **Merchant of death** কেমন করে শহীদ (?) হতে পারে একথা আমার মাথায় আসছেনা মোটেই! ইয়াছিন মোল্লা আজীবন তার জিহাদি ছাত্রদেরকে লোভ দেখিয়েছেন ৭২টি সুন্দরী আনকোরা হুরের; তবে ইয়াছিন মোল্লাও কি সুধু ৭২টি হুর পাবেন? নাকি তাকে স্পেসাল পুরুষ্কার স্বরূপ ১৪৪টি হুর দেবেন আল্লাহ তাহা অবশ্য জানা গেল না!

বাংলাদেশের ঘটনাই দেখা যাক! সেখানেও এই ভানুমতির খেল। জেনারেল জিয়া এক পৈশাচিক ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশের ক্ষমতা লাভ করেন এবং তিনি ছিলেন এমন একজন নেতা যিনি নিজ হাতে বাংলাদেশের আদর্শকে হত্যা করেন; জাতির পিতাকে তার গুষ্টিশুদ্ধ নিধন করার সহায়তা করেন এবং বাংলাদেশের প্রায় সবক’টি সেরা নেতাদেরকে হত্যাকরে বাংলাদেশকে নেতা-শুণ্য করতে মদদ দেন। কেবল তায় নয় দেশের সংবিধান পরিবর্তন করে দেশে একত্রুরের রাজাকারদেরকে বাংলাদেশে রাজনীতি করার সুযোগ করে দেন এবং তার শাসন আমলে হাজার হাজার মুক্তিযুদ্ধ হত হয়।

শেষ পর্যন্ত তারই সৃষ্টি ফ্রাকেনস্টানের মেশিনগানের গুলিতে ঝাঁজরা হয়ে অক্তা পেয়ে শহীদ বনে যান ‘ইন্স্টেন্টিনিয়াসলি’ বা সঙ্গে সঙ্গে। অথচঃ বঙ্গবন্ধু সারা জীবন পাকিস্তানি শাসকদের নির্যাতন ভোগ করে বাঙালী-জাতিকে একটি স্বাধীন দেশ এনে উপহার দিলেন এবং তার চার সেরা সঙ্গি—তাজুদ্দিন গংরা বেঘোরে মারাগেলেন দেশের জেলখানাতে বন্দী অবস্থায়। কিন্তু, বিধির বাম, ওনারা কেউ শহীদ হলেন না! বঙ্গবন্ধু, তাজুদ্দিন-গংরা কেউ শহীদ হতে পারলেন না। অথচঃ জেনারেল জিয়া নিমিষের মাঝে হয়ে গেলেন একমাত্র সেরা শহীদ? ঘঠনাটা তা’হলে কি?

এখন প্রশ্ন হলো—শহীদের প্রকৃত সংজ্ঞা কি? কোন সুহৃদ বন্ধু কি আমার এই প্রশ্নের সরাসরি জবাব দিতে পারবেন? ধন্যবাদ।